



পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।

৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং/পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০১৮/৩৪১০

তারিখঃ ৩০/০৯/২০১৮ ইং

অফিস আদেশ

বিষয়ঃ মোটর সাইকেল চালানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

দাণ্ডরিক প্রয়োজনে কিংবা ব্যক্তিগত কাজে অনেকেই মোটর সাইকেল ব্যবহার করছে। বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে মোটর সাইকেল চালানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন না করায় প্রায়শই দুর্ঘটনা ঘটছে। মোটর সাইকেল দুর্ঘটনা হলে কোন কোন ক্ষেত্রে চালক বা আরোহনকারীর জীবন চলে যায় অথবা কোন কোন ক্ষেত্রে বাকী জীবনের জন্য পঙ্গু হয়ে বেঁচে থাকতে হয়। কতিপয় বিষয়ে সতর্কতা অবলম্বন করলে দুর্ঘটনা এড়িয়ে চলা যেতে পারে। নিম্নে মোটর সাইকেল চালানোর সময় কতিপয় সতর্কতা অবলম্বন করার জন্য বলা হলো।

১. প্রত্যেক মোটর সাইকেল চালকের ড্রাইভিং লাইসেন্স, গাড়ীর বৈধ কাগজপত্র ও ইন্সুরেন্স থাকা আবশ্যিক।
২. মোটর সাইকেল নিয়ে বের হওয়ার সময় দুই চাকাতে কোন সমস্যা আছে কিনা কিংবা ব্রেক ঠিকমত কাজ করছে কিনা তা চেক করে দেখা উচিত।
৩. মোটর সাইকেল চালানোর সময় আবশ্যিকভাবে চালক ও আরোহীকে হেলমেট পড়তে হবে। কারন দুর্ঘটনা হলে বিশেষ করে পড়ে গেলে অধিকাংশ ক্ষেত্রে মাথায় আঘাত লাগে আর মাথায় সাধারণ আঘাতও অনেক সময় মৃত্যুর কারন হয়ে দাড়ায়।
৪. বেশি স্পিডে বা উর্ধ্বগতিতে বেপরোয়া ভাবে মোটর সাইকেল চালানো যাবেনা কারন মোটর সাইকেল এর গতি কম থাকলে হঠাৎ কোন ধরনের সমস্যার সম্মুখিন হলে খুব সহজেই কন্ট্রোল করা যায়। সেক্ষেত্রে মোটর সাইকেলের স্পীড সর্বদা সর্বোচ্চ ৪০-৫০ কি.মি/ঘন্টা এর মধ্যে রাখতে হবে।
৫. প্রতিযোগীতা করে মোটর সাইকেল চালানো যাবেনা এতে দুর্ঘটনার ঝুঁকি অনেক বেশী।
৬. যে কোন ধরনের গাড়ীর কাছাকাছি থেকে বা পিছনে পিছনে মোটর সাইকেল চালানো যাবেনা। এতে করে সামনের গাড়ী কোন সিগনাল না দিয়েই ইউটার্ন করলে অথবা হঠাৎ হার্ডব্রেক করলে দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা থাকে।
৭. ওভারটেক করার সময় বিপরীত দিক থেকে কোন গাড়ী আসছে কিনা তা লক্ষ্য রাখতে হবে।
৮. মোটর সাইকেলে দুই জনের বেশী আরোহন করা যাবেনা।
৯. অন্ধবাঁক অর্থাৎ যেই রাস্তার বাঁক বা মোড়ে বিপরীত দিক থেকে গাড়ী আসছে কিনা তা বোঝা যাচ্ছে না এমন বাঁকে সবসময় হর্ন বাজাতে হবে এবং মোটর সাইকেলের গতি কমাতে হবে।
১০. বায়ে বা ডানে মোর নেওয়ার সময় অবশ্যই মোটর সাইকেল এর ইন্ডিকেটর লাইট দিয়ে সঠিকভাবে সিগন্যাল দিয়ে মোটর সাইকেল এর দুই পাশের আয়নায় (লুকিং গ্লাস) পিছনের গাড়ীর অবস্থান নিশ্চিত হয়ে মোড় নিতে হবে।
১১. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থায়ই মোবাইল ফোনে কথা বলা ও হেড ফোন ব্যবহার করে কথা বলা কিংবা গান শোনা যাবেনা। কারন এতে মোটর সাইকেল চালানোর সম্পূর্ণ মনযোগ নষ্ট হয় ফলে দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা থাকে।
১২. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থাতেই পিছনে বসা ব্যক্তির সাথে কথা বলা যাবেনা এতে চালকের মনোযোগ এর বিপ্লব ঘটে এবং দুর্ঘটনার সম্ভাবনা থাকে।
১৩. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থাতেই দুহাত ছেড়ে দিয়ে কিংবা এক হাত দিয়ে গাড়ী চালানো যাবেনা।



পদক্ষেপ

মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।

৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

১৪. গ্রামের রাস্তায় চালানোর সময় গরু, ছাগল, কুকুর, বৃদ্ধ-বৃদ্ধা, বাচ্চা এদের চলাচলের গতিবিধি পর্যবেক্ষন করে সতর্কতার সাথে মোটর সাইকেল চালাতে হবে।

১৫. রাতে, বৃষ্টির সময় কিংবা কুয়াশার মধ্যে হেড লাইট জ্বালিয়ে অধিকতর সতর্কতার সহিত মোটর সাইকেল চালাতে হবে।

“একটি দুর্ঘটনা সারাজীবনের কান্না”

মোটর সাইকেল চালানো ও ব্যবহারের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা সমূহ আবশ্যিকভাবে প্রতিপালন ও অনুসরণের মাধ্যমে সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মীগণ সম্ভাব্য দুর্ঘটনা হ্রাস বা এড়িয়ে যেতে সক্ষম হবে বলে কর্তৃপক্ষ আশা করে।

(ইকবাল আহাম্মদ)

নির্বাহী পরিচালক

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)

১. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
২. সকল জোনাল ম্যানেজার/জোনাল কো-অর্ডিনেটর/এরিয়া ম্যানেজার/এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৩. সহকারী ব্যবস্থাপক ও ইনচার্জ, আই.সি.টি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৪. সংস্থার সকল পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মী।
৫. অফিস কপি।

অনুলিপিঃ জ্ঞাতার্থেঃ-

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং, প্রধান কার্যালয়।